

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়  
মৎস্য-০৫ অধিশাখা  
[www.mofl.gov.bd](http://www.mofl.gov.bd)

স্মারক নং- ৩৩.০০.০০০০.১৩০.৯৯.০০১.১৭-১৭৯

তারিখ: ১২ জ্যৈষ্ঠ ১৪২৯  
২৬ মে ২০২২


বিষয়: “মৎস্যপণ্য রপ্তানির উদ্দেশ্যে প্রতিষ্ঠান তালিকাভুক্তি” শীর্ষক নাগরিক সেবাটির সহজিকৃত পদ্ধতি অনুসরণ ও বাস্তবায়নের লক্ষ্যে ‘আঞ্চলিক উপযুক্ত কর্তৃপক্ষ’ গঠন সংক্রান্ত।

সূত্র: আইসিটি সেল এর পত্র নং-৩৩.০০.০০০০.১৫২.২০.০০২.১৭.৮০; তারিখ: ২১-০৪-২০২২খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গত ১৫-১৭ সেপ্টেম্বর, ২০২১ তারিখে রাজশাহীতে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের এসপায়ার টু ইনোভেট (এটুআই) প্রোগ্রাম কর্তৃক আয়োজিত সেবা সহজিকরণ বিষয়ক কর্মশালা অনুষ্ঠিত হয়। উক্ত কর্মশালায় মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের সিটিজেনস চার্টার হতে মৎস্যপণ্য রপ্তানির উদ্দেশ্যে প্রতিষ্ঠান তালিকাভুক্তি শীর্ষক নাগরিক সেবাটি সহজিকরণ করা হয়।

০২। গত ২৩ অক্টোবর, ২০২১ তারিখে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন পরিকল্পনা ২০২১-২২ এর বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত ২য় সভার সহজিকৃত সেবাটির বিস্তারিত পর্যালোচনা করা এবং প্রস্তাবিত পদ্ধতি চূড়ান্ত করা হয়েছে। পরবর্তীতে, গত ২২ ফেব্রুয়ারি, ২০২২ তারিখে সেবা সহজিকরণ সংক্রান্ত একটি অফিস আদেশ জারি করা হয়। যেখানে সেবা পদ্ধতিতে ধাপ ৫৬ থেকে ৩২, সম্পূর্ণ জনবল ৬২ জন থেকে ৩৩ জন এবং সময় ৭৭ দিন থেকে ৩৬ দিনে কমিয়ে আনা হয়েছে।

০৩। এমতাবস্থায়, “মৎস্যপণ্য রপ্তানির উদ্দেশ্যে প্রতিষ্ঠান তালিকাভুক্তি” শীর্ষক নাগরিক সেবাটির সহজিকৃত পদ্ধতি অনুসরণ ও বাস্তবায়নের লক্ষ্যে ‘মৎস্য ও মৎস্যপণ্য (পরিদর্শন ও মাননিয়ন্ত্রণ) আইন, ২০২০’ মোতাবেক ‘আঞ্চলিক উপযুক্ত কর্তৃপক্ষ’ গঠন করে এর কর্মপরিধি নির্দিষ্টকরণপূর্বক সহজিকৃত পদ্ধতিতে সেবা প্রদানের কার্যক্রম বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে গৃহীত কার্যক্রম এ মন্ত্রণালয়-কে আগামী ১০ (দশ) কার্যদিবসের মধ্যে জানানোর জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



হাফিছা বেগম  
যুগ্মসচিব

০২-৯৫৪৯১৪১

[Email-fisheries-5@mofl.gov.bd](mailto:Email-fisheries-5@mofl.gov.bd)

মহাপরিচালক  
মৎস্য অধিদপ্তর  
মৎস্য ভবন, রমনা, ঢাকা।

সদয় অবগতির জন্য অনুলিপি:

০১। সচিবের একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

০২। সিস্টেম এনালিস্ট, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।